গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.১৬৪.২৬- ৮৪৭ তারিখ: ২০ কার্তিক, ১৪৩৩ / ০৫ নভেম্বর, ২০২৬

বিষয়ঃ জনাব মোঃ নজরুল ইসলাম, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এর অবসর উত্তর ছুটি (পিআরএল) ও লাম্পগ্রান্ট পরিশোধের মঞ্জুরী।

যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর জেলার বদরগঞ্জ উপজেলা কার্যালয়ের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ নজরুল ইসলাম অবসর উত্তর ছুটি (পিআরএল) ও লাম্পগ্রান্ট মঞ্জুরীর আবেদন দাখিল করেন। তাঁর এসএসসি সনদে জন্ম তারিখ ০১-০৯-১৯৬৭খ্রি. অনুযায়ী ৩১-০৮-২০২৬খ্রি. তারিখে বয়স ৫৯(উনষাট) বছর পূর্ণ হয়। প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) অনুযায়ী পূর্ণ গড় বেতনে ০২ বছর ০৩ মাস ০৭ দিন এবং অর্ধ গড় বেতনে ০২ বছর ০৩ মাস ১৮ দিন অর্জিত ছুটি পাওনা রয়েছেন এবং অবসর উত্তর ছুটি (পিআরএল) আরম্ভের অব্যবহিত পূর্বের তারিখে মূলবেতন ৫১৬৪২/-(একান্ন হাজার ছয়শত বিয়াল্লিশ) টাকা। অর্ধ গড় বেতনের ছুটিকে পূর্ণ গড় বেতনে রুপান্তর করা হলে ০১ বছর ০১ মাস ২৪ দিন অর্থাৎ মোট পূর্ণ গড় বেতনে ছুটি (০২ বছর ০৩ মাস ০৭ দিন+ ০১ বছর ০১ মাস ২৪ দিন)= ০৩ বছর ০৫ মাস ০ দিন প্রাপ্য হয়েছেন এবং পূর্ণ গড় বেতনে ০১(এক) বছর অবসর উত্তর ছুটি ভোগের পর ০২ বছর ০৫ মাস ০ দিন অর্জিত ছুটি প্রাপ্য থাকবেন। উক্ত ছুটি নগদায়নপূর্বক ১৮(আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ লাম্পগ্রান্ট বাবদ ৫১৬৪২X১৮= ৯,২৯,৫৫৬/-(নয় লক্ষ উনত্রিশ হাজার পাঁচশত ছাপান্ন) টাকা প্রাপ্য। **অতিরিক্ত গৃহিত বেতন ভাতা বাবদ ১০,৮৭,৫৮৪/-(দশ লক্ষ সাতাশি হাজার পাঁচশত চুরাশি) টাকা আনুতোষিক হতে আদায়যোগ্য।**

২। এমতাবস্থায়, জনাব মোঃ নজরুল ইসলাম, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর - এর আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮ অনুযায়ী ০১-০৯-২০২৬খ্রি. তারিখ হতে ৩১-০৮-২০২৭খ্রি. তারিখ পর্যন্ত ০১(এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) এবং অবশিষ্ট প্রাপ্য ছুটি নগদায়নপূর্বক ১৮ (আঠারো) মাসের মূলবেতনের সমপরিমাণ লাম্পগ্রান্ট বাবদ ৫১৬৪২X১৮= ৯,২৯,৫৫৬/-(নয় লক্ষ উনত্রিশ হাজার পাঁচশত ছাপান্ন) টাকা মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে পরিশোধের মঞ্জুরী প্রদান করা হলো।

(ডি এম আতিকুর রহমান)
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৮০৮৬৩

উপজেলা হিসাব রক্ষণ অফিসার
বদরগঞ্জ উপজেলা, রংপুর।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.১৬৪.২৬- ৮৪৭ তারিখ: ২০ কার্তিক, ১৪৩৩ / ০৫ নভেম্বর, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। পরিচালক(অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর।
৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, বদরগঞ্জ উপজেলা, রংপুর।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৬। জনাব মোঃ নজরুল ইসলাম, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(পিআরএল), যুব উন্নয়ন অধিদপ্তর, বদরগঞ্জ, রংপুর।
৭। অফিস কপি।

(মোঃ কামরুজ্জামান) ০৫/১১/২৬
সহকারী পরিচালক(অর্থ)
ও
কল্যাণ কর্মকর্তা
ফোন: ০২-২২৩৩৮৩২৮